

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/19/2019

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

## গে এবং ট্রান্স প্যানিক লিগ্যাল ডিফেন্সের উপর নিষেধাজ্ঞা বিষয়ে গভর্নর অ্যাঙ্কু এম. কুওমোর থেকে বিবৃতি

"LGBTQ অধিকারগুলি রক্ষা এবং শক্তিশালী করে তোলা প্রথম দিন থেকেই এই প্রশাসনের অগ্রাধিকার। দায়িত্বগ্রহণের পরে প্রথম বছরে আমরা বিবাহের ক্ষেত্রে সমতা, বৈষম্যের হাত থেকে ট্রান্স এবং জেন্ডার ননকনফর্মিং (gender nonconforming) নিউ ইয়র্কবাসীদের রক্ষা করার জন্য GENDA প্রণয়ন করেছি, এবং AIDS মহামারী দূর করতে দেশের মধ্যে সর্বাধিক সাহসী প্রচারাভিযান আরম্ভ করেছি।

এই বছর আমাদের বিচার সংক্রান্ত আলোচ্য বিষয়ের অংশ হিসাবে আমরা তথাকথিত গে এবং ট্রান্স প্যানিক লিগ্যাল ডিফেন্স নিষিদ্ধ করার দ্বারা এই ঐতিহাসিক পদক্ষেপ নিতে চলেছি, যা প্রকৃতপক্ষে হোমোফোবিয়া এবং ট্রান্সফোবিয়াকে স্টেটের আইনে বিধিবদ্ধ করেছে। এই বন্দোবস্তটিকে আইনে প্রণীত করে আমরা ক্ষতিকর আইনি প্রতিরক্ষার কৌশলকে ইতিহাসের আস্তাকুড়ে পাঠাচ্ছি যেখানে সেটির থাকার কথা।

যখন LGBTQ নিউ ইয়র্কবাসীদের প্রতি—বিশেষ করে কৃষ্ণাঙ্গ রূপান্তরকামীদের উপর হেট ক্রাইমগুলি উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে, তার বিরুদ্ধে যত শীঘ্র সম্ভব পদক্ষেপ নিতে হবে, এবং আমরা এই কমিউনি/তিকে একটি স্পষ্ট বার্তা পাঠাচ্ছি যে আমরা তোমাদের পিছনে আছি।

এটি সব জায়গার LGBTQ জনগণের একটি গুরুত্বপূর্ণ জয় এবং আধুনিক সময়ের LGBTQ অধিকার আন্দোলনকে আরও শক্তিশালী করে তোলা স্টোনওয়াল আপরাইজিং এর 50তম বার্ষিকীর দিকে আমরা যেহেতু এগিয়ে চলেছি তাই এটি আরও অর্থবহ হয়ে উঠেছে।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)